

## উচ্চশিক্ষা

# দাখিলের নবম শ্রেণিতেও থাকছে না বিভাগ বিভাজন

নিজস্ব প্রতিবেদক ঢাকা



প্রথম আলো ফাইল ছবি

চলতি বছর (শিক্ষাবর্ষ-২০২৪) থেকে দাখিলের নবম শ্রেণিতেও বিভাগ বিভাজন থাকছে না। দাখিলের নবম-দশম শ্রেণির শিক্ষার্থীরা এখন এক বিভাগের আওতায় পড়াশোনা করবে। ৫ ফেব্রুয়ারি দাখিল নবম শ্রেণিতে বিভাগ বিভাজন না থাকার বিষয়টি জানিয়ে অফিস আদেশ জারি করেছে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর। শিক্ষাবর্ষ শুরু হওয়ার এক মাস পরে এ ব্যাপারে আদেশ জারি করল মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।

এর আগে গত বছরের অক্টোবরে মাধ্যমিক স্তরে নবম শ্রেণিতে বিভাগ বিভাজন না থাকার বিষয়ে অফিস আদেশ জারি করে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ।

আগে নবম শ্রেণিতে শিক্ষার্থীরা বিজ্ঞান, ব্যবসায় শিক্ষা ও মানবিক বিভাগে পড়াশোনা করত। নতুন শিক্ষাক্রমে নবম-দশম শ্রেণিতে বিভাগের বিভাজন আর নেই। শুধু দশম শ্রেণির পাঠ্যসূচির ভিত্তিতে হবে এসএসসি বা দাখিল পরীক্ষা।

২০২২ সালের জানুয়ারি থেকে প্রথম, ষষ্ঠ ও সপ্তম শ্রেণিতে নতুন শিক্ষাক্রম শুরু হয়েছে। এ বছর দ্বিতীয়, তৃতীয়, অষ্টম ও নবম শ্রেণিতে তা শুরু হয়েছে। এরপর ২০২৫ সালে চতুর্থ, পঞ্চম ও দশম শ্রেণিতে চালু হবে। উচ্চমাধ্যমিকে একাদশ শ্রেণিতে ২০২৬ সালে ও দ্বাদশ শ্রেণিতে ২০২৭ সালে নতুন শিক্ষাক্রম চালু হবে।

সরকারের সিদ্ধান্ত হলো নতুন শিক্ষাক্রমের আলোকে এ বছর থেকে মাধ্যমিকের নবম শ্রেণিতে বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষার মতো বিভাগ বিভাজন থাকবে না। সব শিক্ষার্থীকেই মাধ্যমিক পর্যন্ত অভিন্ন বিষয় পড়তে হবে। বিভাগ বিভাজন হবে উচ্চমাধ্যমিকে গিয়ে। চলতি বছর পর্যন্ত নবম শ্রেণিতে ঠিক হয়েছে কোন শিক্ষার্থী কোন বিভাগে পড়বে।



প্রথম আলোর খবর পেতে গুগল নিউজ চ্যানেল ফলো করুন



 prothomalo.com

সম্পাদক ও প্রকাশক : মতিউর রহমান  
স্বত্ব © ১৯৯৮-২০২৪ প্রথম আলো

By using this site, you agree to our Privacy Policy.